



কম্পিউন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

## ওভেন সুইং মেশিন অপারেশন

লেভেল - ০২

মডিউল শিরোনামঃ প্যান্ট তৈরি করণ

**Module: Making Pants**

মডিউল কোড: CBLM-OU-RMTG-WSMO-04-L2-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
প্রধানমন্ত্রীর কার্যালয়,  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,  
প্রধানমন্ত্রীর কার্যালয়।  
১১-১২ তলা, বিনিয়োগ ভবন  
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭  
ইমেইল: [ec@nsda.gov.bd](mailto:ec@nsda.gov.bd)  
ওয়েবসাইট: [www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd)  
ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিউটার বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

”প্যান্ট তৈরি করণ” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত ওভেন সুইং মেশিন অপারেশন লেভেল-২ অকুপেশনের কম্পিউটার স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে ওভেন সুইং মেশিন অপারেশন লেভেল-২ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবী দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ওভেন সুইং মেশিন অপারেশন লেভেল-২ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।



----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।



## সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রম গুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউলটি প্যান্ট তৈরি করার প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা, এবং আচরণ (কে এস ও) সম্পর্কিত এক্টিভিটিগুলো অন্তর্ভুক্ত করা হয়েছে। মডিউলটিতে প্যান্টের জন্য কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারা, প্যান্ট তৈরির প্রক্রিয়া সনাক্ত করতে পারা, প্যান্ট সেলাইয়ের কোয়ালিটি পরীক্ষা করতে পারা, কর্মক্ষেত্রে রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার রাখতে পারার দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করবে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শীট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।



## সূচিপত্র

কপিরাইট.....	i
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা.....	v
মডিউল কন্টেন্ট.....	১
<b>শিখনফল (Learning Outcome) - ১ : কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে.....</b>	<b>২</b>
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম( Learning Activities)-১: কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে.....	৩
ইনফরমেশন শিট (Information Sheet) ১: কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে.....	৪
সেলফ চেক (Self Check)- ১: কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে.....	৮
উত্তরপত্র (Answer Key)-১: কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে.....	৯
জব-শিট (Job Sheet)-১: ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) পরিধান করুন এবং সুইং মেশিনের সেইফটি গার্ড পরীক্ষা করুন.....	১০
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ১.২: সেলাই মেশিনের সেইফটি গার্ড পরীক্ষা করুন.....	১৩
<b>শিখনফল (Learning Outcome) -২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে.....</b>	<b>১৪</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে.....	১৫
ইনফরমেশন শিট (Information Sheet): ২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে.....	১৬
সেলফ চেক শিট (Self Check)-২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে.....	২৪
উত্তর পত্র (Answer Key)- ২: প্যান্টে তৈরির প্রক্রিয়া চিহ্নিত করণ.....	২৫
জব শিট (Job Sheet)- ২.১ প্যান্টের অংশগুলি সনাক্ত করুন.....	২৬
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ২.১: প্যান্টের অংশগুলি সনাক্ত করুন.....	২৭
জব শিট (Job Sheet) - ২.২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করুন.....	২৮
স্পেসিফিকেশন শিট (Specification Sheet ২.২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করুন.....	২৯
<b>শিখনফল (Learning Outcome) - ৩: প্যান্ট সেলাই সম্পন্ন করতে পারবে.....</b>	<b>৩০</b>
শিক্ষণ/ প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৩ : প্যান্ট সেলাই সম্পন্ন করতে পারবে.....	৩১
ইনফরমেশন শিট (Information Sheet) ৩: প্যান্ট সেলাই সম্পন্ন করতে পারবে.....	৩২
সেলফ চেক (Self Check)- ৩: প্যান্ট সেলাই সম্পন্ন করণ.....	৩৯
উত্তরপত্র (Answer Key)-৩: প্যান্ট সেলাই সম্পন্ন করুন.....	৪০
জব-শিট (Job Sheet)-৩.১: প্যান্ট তৈরির জন্য সরঞ্জাম এবং উপকরণ বাছাই এবং সংগ্রহ করুন.....	৪২
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ৩.১: প্যান্ট তৈরির জন্য সরঞ্জাম এবং উপকরণ বাছাই এবং সংগ্রহ করুন..	৪৩
জব-শিট (Job Sheet)-৩.২: প্যান্টের ফ্রন্ট পার্টের স্টিচ অপারেশন সম্পন্ন করুন.....	৪৪
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ৩.২: প্যান্টের ফ্রন্ট পার্টের স্টিচ অপারেশন সম্পন্ন করুন.....	৫১
জব-শিট (Job Sheet)-৩.৩: প্যান্টের ব্যাক পার্টের স্টিচ অপারেশন সম্পন্ন করুন.....	৫২
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-৩.৩: প্যান্টের পিছনের অংশের স্টিচ অপারেশন সম্পন্ন করুন.....	৫৬
জব-শিট (Job Sheet)-৩.৪: প্যান্টের অ্যাসেম্বলিং অপারেশন সম্পন্ন করুন.....	৫৭
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-৩.৪: প্যান্ট এর অ্যাসেম্বলিং অপারেশন সম্পন্ন করুন.....	৫৯
<b>শিখনফল (Learning Outcome) - ৪: প্যান্টের সেলাইয়ের কোয়ালিটি পরীক্ষা করতে পারবে.....</b>	<b>৬০</b>
শিক্ষণ/ প্রশিক্ষণ কার্যক্রম(Learning Activities) -৪: প্যান্টের সেলাইয়ের কোয়ালিটি পরীক্ষা করতে পারবে.....	৬১
সেলফ চেক (Self-Check)- ৪: প্যান্টের সেলাইয়ের কোয়ালিটি পরীক্ষা করণ.....	৭১
উত্তরপত্র (Answer Key)-৪: প্যান্টের সেলাইয়ের কোয়ালিটি পরীক্ষা করুন.....	৭২
জব-শিট (Job Sheet)-৪: কোয়ালিটি চেক করুন এবং সেলাই ত্রুটি সনাক্ত করণ.....	৭৩
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ৪: কোয়ালিটি চেক করুন এবং সেলাই ত্রুটি সনাক্ত করণ.....	৭৫
<b>শিখনফল (Learning Outcome) - ৫: কর্মক্ষেত্রে রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার রাখতে পারবে.....</b>	<b>৭৬</b>

শিক্ষণ/ প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৫ : কর্মক্ষেত্র রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার রাখতে পারবে.....	৭৭
ইনফরমেশন শিট (Information Sheet) ৫: কর্মক্ষেত্র রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার রাখতে পারবে .....	৭৮
সেলফ চেক (Self-Check)- ৫: কর্মক্ষেত্র রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার রাখতে পারবে .....	৮২
উত্তরপত্র (Answer Key)-৫: কর্মক্ষেত্র রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার রাখতে পারবে .....	৮৩
জব-শিট (Job Sheet)-৫: কর্মস্থল পরিষ্কার পূর্বক মালামাল ও যন্ত্রপাতি গুছিয়ে রাখা.....	৮৪
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ৫: কর্মস্থল পরিষ্কার পূর্বক মালামাল ও যন্ত্রপাতি গুছিয়ে রাখা.....	৮৫
<b>দক্ষতা পর্যালোচনা (Review of Competency).....</b>	<b>৮৬</b>

## মডিউল কন্টেন্ট

ইউ ও সি শিরোনাম	প্যান্ট তৈরি করণ
ইউ ও সি কোড	OU-RMGT-WSMO-04-L2-V1
মডিউল শিরোনাম	প্যান্ট তৈরি করণ
মডিউলের বর্ণনা	এই মডিউলটি প্যান্ট তৈরি করার প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা, এবং আচরণ (কে এস ও) সম্পর্কিত এক্টিভিটিগুলো অন্তর্ভুক্ত করা হয়েছে। মডিউলটিতে প্যান্টের জন্য কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারা, প্যান্ট তৈরির প্রক্রিয়া সনাক্ত করতে পারা, প্যান্ট সেলাইয়ের কোয়ালিটি পরীক্ষা করতে পারা, কর্মক্ষেত্রে রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার রাখতে পারার দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।
নমিনাল সময়	১১৫ ঘন্টা
শিখনফল	এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন। ১. কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে ২. প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে ৩. প্যান্ট সেলাই সম্পন্ন করতে পারবে ৪. প্যান্টের সেলাইয়ের কোয়ালিটি পরীক্ষা করতে পারবে ৫. কর্মক্ষেত্রে রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কার করতে পারবে

### অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

১. পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য (OHS) অনুসরণ করা হয়েছে এবং কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করা হয়েছে।
২. চাকরির প্রয়োজনীয়তা অনুযায়ী সেফটি গার্ড পরীক্ষা করা হয়েছে।
৩. কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্যান্টের অংশগুলি চিহ্নিত করা হয়েছে।
৪. কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্যান্ট তৈরির প্রক্রিয়াগুলি ব্যাখ্যা করা হয়েছে।
৫. এসওপি অনুযায়ী প্যান্টের সেলাইয়ের অপারেশন ব্যাখ্যা করা হয়েছে।
৬. এসওপি অনুযায়ী প্যান্টের অংশগুলির এ্যাসেম্বলিং অপারেশন ব্যাখ্যা করা হয়েছে।
৭. স্ট্যান্ডার্ড মিনিট ভ্যালু (SMV) উপর ভিত্তি করে প্রত্যেকের ক্যাপাসিটি বের করা হয়েছে।
৮. প্রডাকশন টার্গেট এবং কর্মদক্ষতা ব্যাখ্যা করা হয়েছে।
৯. সরঞ্জাম এবং উপকরণসমূহ বাছাই এবং সংগ্রহ করা হয়েছে।
১০. কাজের প্রয়োজন অনুযায়ী উপকরণসমূহ সাজানো হয়েছে।
১১. কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী ফ্রন্ট পার্টের স্টিচ অপারেশন সম্পন্ন করা হয়েছে।
১২. কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী ব্যাক পার্টের স্টিচ অপারেশন সম্পন্ন করা হয়েছে।
১৩. প্যান্টের এ্যাসেম্বলিং অপারেশন সম্পন্ন করা হয়েছে।
১৪. কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী অতিরিক্ত সূতা কেটে ফেলা হয়েছে।
১৫. স্যাম্পল অনুযায়ী সেলাইয়ের কোয়ালিটি চেক করা হয়েছে।
১৬. সেলাইয়ের ত্রুটি চিহ্নিত এবং সংশোধন করা হয়েছে।
১৭. স্ট্যান্ডার্ড অনুযায়ী কোয়ালিটি চেক করা হয়েছে।
১৮. মেশিনের সুইচ বন্ধ করা হয়েছে।
১৯. কর্মক্ষেত্রের স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি (SOP) অনুযায়ী বর্জ্য সরিয়ে নেয়া হয়েছে।
২০. প্রস্তুতকারকের নির্দেশনা অনুযায়ী মেশিনগুলি পরিষ্কার করা হয়েছে।

**শিখনফল (Learning Outcome) - ১ : কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে**

অ্যাসেসমেন্ট মানদণ্ড (Assessment Criteria)	<ol style="list-style-type: none"> <li>১. পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য (OHS) অনুসরণ করা হয়েছে এবং কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করা হয়েছে।</li> <li>২. চাকরির প্রয়োজনীয়তা অনুযায়ী সেফটি গার্ড পরীক্ষা করা হয়েছে।</li> </ol>
শর্ত ও রিসোর্স (Conditions)	<ol style="list-style-type: none"> <li>১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ</li> <li>২. সিবিএলএম</li> <li>৩. হ্যান্ডআউটস</li> <li>৪. ল্যাপটপ</li> <li>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর</li> <li>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার</li> <li>৭. ইন্টারনেট সুবিধা</li> <li>৮. হোয়াইট বোর্ড ও মার্কার</li> <li>৯. অডিও ভিডিও ভিভাইস</li> <li>১০. প্রয়োজনীয় পিপিই</li> </ol>
বিষয়বস্তু (Contents)	<ol style="list-style-type: none"> <li>১. পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য (OHS)</li> <li>২. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE)</li> <li>৩. নিরাপত্তা/সেইফটি গার্ড পরীক্ষা করা</li> </ol>
এক্টিভিটি/টাস্ক/জব	<ol style="list-style-type: none"> <li>১. ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) পরিধান করুন এবং সেলাই মেশিনের সেইফটি গার্ড পরীক্ষা করুন</li> </ol>
প্রশিক্ষণ পদ্ধতি (Methodologies)	<ol style="list-style-type: none"> <li>১. আলোচনা (Discussion)</li> <li>২. উপস্থাপন (Presentation)</li> <li>৩. প্রদর্শন (Demonstration)</li> <li>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)</li> <li>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</li> <li>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</li> <li>৭. সমস্যা সমাধান (Problem Solving)</li> <li>৮. ব্রেইনস্টর্মিং (Brainstorming)</li> </ol>
অ্যাসেসমেন্ট পদ্ধতি (Assessment Methods)	<ol style="list-style-type: none"> <li>১. লিখিত অতীক্ষা (Written Test)</li> <li>২. প্রদর্শন (Demonstration)</li> <li>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)</li> </ol>

**শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম( Learning Activities)-১: কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে**

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমিক নংগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমিক নংগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রমিক নং (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে উপকরণ সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে	১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের কর্মক্ষেত্রে "নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে" বিষয়ে নির্দেশনা প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ১ : কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে।
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন। টাস্ক শিট ১: ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) পরিধান করুন এবং সেলাই মেশিনের সেইফটি গার্ড পরীক্ষা করুন। স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ১.২: সেলাই মেশিনের সেইফটি গার্ড পরীক্ষা করুন

## ইনফরমেশন শিট (Information Sheet) ১: কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে


শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

- ১.১ পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য (OHS) ব্যাখ্যা করতে পারবে।
- ১.২ ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যাখ্যা করতে পারবে।
- ১.৩ সেইফটি গার্ড পরীক্ষা করতে পারবে।

### ১.১ পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য (OHS)

কর্মক্ষেত্রে দুর্ঘটনার শিকার থেকে নিজেকে, যন্ত্রপাতি ও কারখানাকে রক্ষা করার জন্য যে সব সাবধানতা বা নিয়ম মেনে চলা হয় তাকে OHS বলে।

কর্মক্ষেত্রে বিভিন্ন প্রকার ভারী যন্ত্রপাতি এবং মেশিন নিয়ে কাজ করতে হয়। মেশিন, যন্ত্রপাতি, টুলস, ছোট ছোট যন্ত্রাংশ এলোমেলো অবস্থায় রাখলে যেকোনো প্রকার দুর্ঘটনা ঘটে যেতে পারে। এছাড়া কাজ করার পর বিভিন্ন প্রকার ধাতব টুকরা, চিপস, তৈল, মবিল, গ্রিজ ইত্যাদি পড়ে থাকলে- সেগুলি পরিষ্কার পরিচ্ছন্ন না করলে এবং যন্ত্রপাতিগুলি সাজিয়ে গুছিয়ে না রাখলে কর্মক্ষেত্রে কর্মীগণ যেকোনো প্রকার দুর্ঘটনার শিকার হতে পারেন। কর্মক্ষেত্রে এমন একটি পরিবেশ থাকা দরকার যেখানে প্রতিটি কর্মী কাজ করার সময় পর্যাপ্ত আলো বাতাস পেতে পারেন, প্রয়োজনে সহজেই একস্থান থেকে অন্য স্থানে চলাফেরা করতে পারেন এবং একজন কর্মী সুস্থতার সাথে মনোযোগ সহকারে কাজ করতে পারেন। পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা হলো কাজে বা চাকুরিতে নিয়োজিত ব্যক্তিদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ বিষয়ক নিয়ম শৃঙ্খলা বা নিয়ম-নীতি।

মাথা		কান		হাত	
চোখ		ফুসফুস		পা	
মুখমণ্ডল		নাক		ত্বক	
পোষাক					

## ১.২ ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE)

PPE এর পূর্ণরূপ হচ্ছে Personal Protective Equipment অর্থাৎ ব্যক্তিগত নিরাপত্তার সরঞ্জাম। দুর্ঘটনার কবল থেকে নিজেকে রক্ষা করার জন্য যে সব সরঞ্জাম ব্যবহার করা হয় তাকে PPE বলে। যেমন: এ্যাপ্রোন, সেফটি গগলস, হ্যান্ড গ্লাভস, সেফটিসু, ইয়ার প্লাগ।

কারখানায় ব্যবহৃত যন্ত্র, রাসায়নিক দ্রব্য, বস্তু ও প্রক্রিয়াদি এবং সেসবের ঝুঁকির উপর ভিত্তি করে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।

যথাযথ PPE নির্বাচন করা খুবই গুরুত্বপূর্ণ। বিভিন্ন সেকশনে কর্মরত থাকাবস্থায় বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গ সুরক্ষার জন্য নিম্ন লিখিত পদক্ষেপ নেয়া হয়।

<p><b>হাতের সুরক্ষা</b></p>	<p><b>হাতের গ্লাভস:</b> মেটাল গ্লাভস কাটিং মেশিনে ফেব্রিক কাটার সময় সর্বদা হাতে মেটাল গ্লাভস ব্যবহার করা হয়। মেটাল গ্লাভস ব্যবহার না করলে কাটিং মেশিনে ব্যবহৃত ব্লেড বা নাইফ দ্বারা হাতের আঙ্গুল অথবা শরীরের অন্য কোন স্থান কেটে যেতে পারে। মেটাল গ্লাভস নেট ছিড়ে গেলে অথবা ব্যবহার অনুপযোগী হয়ে গেলে তাৎক্ষণিকভাবে পরিবর্তন করে নিতে হবে।</p>	
	<p><b>নিডল গার্ড:</b> সুইং মেশিনে নিডল গাইড আঙ্গুল তথা হাতের সুরক্ষা করে। দৈনন্দিন কাজের শুরুতে নিডেল গাইড নিশ্চিত করে কাজ শুরু করতে হবে। উচু করে কাজ করা যাবে না। নিডেল গাইড এমনভাবে নির্ধারণ করতে হবে যাতে এর মধ্যে দিয়ে আঙ্গুল প্রবেশ না করে।</p>	
<p><b>শ্রবণ শক্তি সুরক্ষা</b></p>	<p><b>ইয়ার প্লাগ:</b> যেসকল ব্যক্তিকে দীর্ঘ সময় প্রায় ৮ ঘণ্টা ধরে কাজ করতে হয় সেক্ষেত্রে শ্রবণ শক্তি সুরক্ষার জন্যে সেখানে মালিক কর্তৃক পিপিই সরবরাহ করা আবশ্যিক। ইয়ার প্লাগ হচ্ছে কানের সুরক্ষা ডিভাইস যা ব্যবহারকারীকে অতিরিক্ত শব্দ থেকে নিরাপদ রাখে। ইয়ার প্লাগ শব্দের তীব্রতা হ্রাস করে এবং সম্ভাব্য ক্ষতি থেকে কানকে রক্ষা করে।</p>	
<p><b>শ্বাস প্রশ্বাস সুরক্ষা</b></p>	<p><b>মাস্ক:</b> মাস্ক ব্যবহার করে ডাস্ট হতে নিজেকে রক্ষা না করলে ফুসফুসজনিত রোগের সৃষ্টি হতে পারে। কাটিং সেকশনে কাপড় কাটার ফলে সর্বাঙ্গনিক ডাস্ট উড়ে থাকে। সেই ডাস্ট থেকে বাচাঁর জন্য কাটিং সেকশনের সকলের মাস্ক পরে থাকতে হবে। কাটিং সেকশনে ডাস্ক বের করে দেয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক এক্সজাস্ট ফ্যান সর্বাঙ্গনিকের জন্য সুইচ অন করে রাখতে হবে। সুইং সেকশনে ওভারলক মেশিন তথা সকল মেশিনের অপারেটর, হেল্লার ও মেশিনের নিকট কর্মরত সকলকে মাস্ক পরতে হবে।</p>	
<p><b>চোখ ও মুখমন্ডল সুরক্ষা</b></p>	<p><b>আই গার্ড:</b> দৈনন্দিন কাজের শুরুতে মেশিনে আই গার্ড নিশ্চিত করে কাজ শুরু করতে হবে। মেশিনে আই গার্ড থাকলে চোখে আঘাত লাগবে না। উচু করে বা নিদিষ্ট জায়গা থেকে বাহিরে রেখে কাজ করা যাবে না।</p>	

	আই গার্ড ভেঙ্গে গেলে সুপারভাইজারের মাধ্যমে স্টোর থেকে উঠাতে হবে।	
	<b>চশমা:</b> স্পট রিমুভিং রুমে স্পট ম্যানরা চশমা ব্যবহার করবে। চোখে চশমা থাকলে মেশিন চলা অবস্থায় পানি মিশ্রিত কেমিক্যাল চোখে পড়ার সম্ভাবনা থেকে নিজেকে রক্ষা করা যাবে।	
	<b>গগলস:</b> নিরাপত্তা চশমার মতোই এগুলি ক্ষুদ্র কণা ও উড়ন্ত বস্তু হতে চোখকে রক্ষা করে। সাধারণত গ্রাইন্ডিং মেশিন চালাবার সময় গগলস ব্যবহার করলে চোখ সুরক্ষিত থাকবে।	
<b>মাথার সুরক্ষা</b>	<b>স্কার্ফ:</b> ডাস্ট থেকে চুলকে রক্ষা করার জন্য কাটিং ও সুইং সেকশনে মেয়েদেরকে স্কার্ফ ব্যবহার করতে হবে। এছাড়া এগজস্ট ফ্যানের কাছে যে সব মেয়েরা কাজ করবে তারাও স্কার্ফ পরিধান করবে।	
<b>পায়ের পাতা সুরক্ষা</b>	<b>রাবার ম্যাট:</b> মেশিনের পাদানিতে রাবার ম্যাট ব্যবহার করতে হয়। এসময় রাবার ম্যাট ব্যবহার না করলে বৈদ্যুতিক শক খাওয়ার সম্ভাবনা থাকে।	
	<b>রাবারের স্:</b> মেশিন চালানোর সময়ও আয়রন করার সময় রাবার ম্যাট ব্যবহার করতে হয়। এসময় রাবার ম্যাট ব্যবহার করার ফলে বৈদ্যুতিক শক খাওয়ার সম্ভাবনা থাকে না।	
<b>দেহের সুরক্ষা</b>	<b>এ্যাপ্রোন:</b> এ্যাপ্রোন হল এমন একটি পোশাক যা শরীরের সামনের / উপরের অংশ ঢেকে রাখার জন্য অন্যান্য পোশাকের উপর পরা হয়। মেশিন অপারেটরগণ মেশিন চালানোর সময় টিলাঢালা পোশাক পরিধান করলে দুর্ঘটনা ঘটতে পারে, সেই দুর্ঘটনা থেকে রক্ষা করার জন্য এ্যাপ্রোন পরিধার করা হয়। কাপড়ের ডাস্ট ও ধূলা ময়লা থেকে রক্ষা করার জন্য এটি ব্যবহার করা হয়। এটি পরতে বেশ আরামদায়ক হতে হয়। এগুলো বিভিন্ন ডিজাইনের ও বিভিন্ন ধরনের কাপড় দিয়ে তৈরি করা হয়।	

### ১.৩ সেইফটি গার্ড পরীক্ষা করা

মেশিন ও সকল যন্ত্রপাতিসমূহ নিরাপদ ও সতর্কভাবে স্থাপন করতে হয়। নিয়োগকৃত প্রাপ্ত বয়স্ক পুরুষ ও মহিলা কর্মীদের চালু যন্ত্রপাতিতে বা এর নিকটে কাজ করার যথেষ্ট পরিমাণ অভিজ্ঞতার প্রয়োজন রয়েছে। এ জন্য কর্মীদের নিম্নোক্ত বিধান পালন করতে হবে:

- কাপড় কাটার সময় অবশ্যই নিরাপত্তার জন্য স্টেইনলেসস্টিলের হাতমোজা ব্যবহার করতে হবে।

- নিডল ডিটেক্টর মেশিন অপারেটরকে মেশিনের সংকেতের প্রতি খুবই মনোযোগী হতে হবে
- যে সমস্ত গার্মেন্টস এ বাটন আছে তা অবশ্যই বাটন টেস্টিং মেশিন দ্বারা ৯০ নিউটন সম্পন্ন কিনা নিশ্চিত হতে হবে। অন্যথায় সেখানে রাখা বাক্সে ঐ সমস্ত ত্রুটিপূর্ণ গার্মেন্টস রেজিস্টারে লিপিবদ্ধ করে রাখতে হবে।

## সেলফ চেক (Self Check)- ১: কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা: উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন

### অতি সংক্ষিপ্ত প্রশ্ন:

১. প্রশ্ন: OHS কী?

উত্তর:

২. প্রশ্ন: Safety (সেফটি) কাকে বলে?

উত্তর:

৩. প্রশ্ন: PPE বলতে কী বুঝ?

উত্তর:

৪. প্রশ্ন: সেলাই মেশিনের অপারেটরের জন্য ৫টি PPE এর নাম লিখ?

উত্তর:

৫. প্রশ্ন: ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম পরিধান করা হয় কেন?

উত্তর:

## উত্তরপত্র (Answer Key)-১: কর্মক্ষেত্রে নিরাপত্তা পদ্ধতি অনুসরণ করতে পারবে

১. প্রশ্ন: OHS কী?

উত্তর: Occupational Health & Safety অর্থাৎ পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা।

২. প্রশ্ন: Safety (সেফটি) কাকে বলে?

উত্তর: Safety অর্থ হচ্ছে নিরাপত্তা অর্থাৎ দুর্ঘটনার শিকার থেকে নিজেকে যত্নপাতি ও কারখানাকে রক্ষা করার জন্য যে সব সাবধানতা বা নিয়ম মেনে চলা হয় তাকে Safety বা নিরাপত্তা বলে।

৩. প্রশ্ন: PPE বলতে কী বুঝ?

উত্তর: PPE এর পূর্ণরূপ হচ্ছে Personal Protective Equipment অর্থাৎ ব্যক্তিগত নিরাপত্তার সরঞ্জাম। দুর্ঘটনার কবল থেকে নিজেকে রক্ষা করার জন্য যে সব সরঞ্জাম ব্যবহার করা হয় তাকে PPE বলে।

৪. প্রশ্ন: সেলাই মেশিনের অপারেটরের জন্য ৫টি PPE এর নাম লিখ?

উত্তর:

- এপ্রোন (Apron)
- সেফটি গগলস (Safety Goggles)
- হেণ্ড গ্লাভস (Hand Gloves)
- সেফটি সু (Safety Shoe)
- ইয়ার প্লাগ (Ear plug)
- মাস্ক (Mask)

৫. প্রশ্ন: ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম পরিধান করা হয় কেন?

উত্তর: ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম এমন সরঞ্জাম যা কর্মক্ষেত্রে বড় ধরনের আঘাত এবং অসুস্থতার কারণ হতে পারে এমন বিপদের সংস্পর্শ কমানোর জন্য পরিধান করা হয়।

**জব-শিট (Job Sheet)-১: ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) পরিধান করুন এবং সুইং মেশিনের  
সেইফটি গার্ড পরীক্ষা করুন**

**এ্যাকটিভিটি ১.১: ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) পরিধান করুন**

**উদ্দেশ্য:** কাজটি সঠিকভাবে সম্পন্ন করলে ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) পরিধান করার দক্ষতা অর্জন করতে সক্ষম হবেন।


**সতর্কতা:**


১. ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) পরিধান করার ক্ষেত্রে প্রয়োজনীয় পিপিই (PPE) ব্যবহারবিধি এবং ওইচএস (OHS) প্রতিপালন পূর্বকসাবধানতার সাথে যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।

২. নির্দিষ্ট কাজের জন্য নির্ধারিত পিপিই (PPE) পরিধান করতে হবে।

**কাজের ধারাবাহিকতা:**

১. জবশীট এবং স্পেসিটিকেশন শীট সংগ্রহ করুন।
২. প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পিপিই (PPE) সংগ্রহ করুন।
৩. জবশীট এবং স্পেসিটিকেশন শীট পড়ুন।
৪. ধারাবাহিকভাবে সকল পিপিই পর্যায়ক্রমে পরিধান করুন।
৫. নির্ধারিত সময়ের মধ্যে কাজটি সম্পন্ন করার অভ্যাস করুন।
৬. কাজশেষে প্রাপ্ত ফলাফল যাচাই করুন।
৭. কাজশেষে আপনার প্রশিক্ষককে অবহিত করুন।
৮. আপনার কাজটিকে মূল্যায়নের জন্য আপনার প্রশিক্ষকের নিকট উপস্থাপন করুন।
৯. ওয়াকপ্লেস স্ট্যান্ডার অনুসারে ব্যবহৃত সমস্ত উপকরণ, মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংগ্রহ করুন।
১০. কাজের যায়গা পুনরায় ব্যবহার উপযোগী করে রাখুন।

সুরক্ষা সরঞ্জাম (পিপিই) পরিধান করার এবং খোলার ধারাবাহিক পদ্ধতি		
		
১	২	৩



## এ্যাকটিভিটি ১.২: সেলাই মেশিনের সেইফটি গার্ড পরীক্ষা করুন

**উদ্দেশ্য:** কাজটি সঠিকভাবে সম্পন্ন করলে সেলাই মেশিনের সেইফটি গার্ড পরীক্ষা করার দক্ষতা অর্জন করতে সক্ষম হবেন।

**সতর্কতা:**


১. সেলাই মেশিনের সেইফটি গার্ড পরীক্ষা করার ক্ষেত্রে প্রয়োজনীয় পিপিই (PPE) ব্যবহার বিধি এবং ওইচএস (OHS) প্রতিপালন পূর্বক সাবধানতার সাথে যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।
২. সেইফটি গার্ড সাবধানতার সাথে পরীক্ষা করতে হবে

**কাজের ধারাবাহিকতা:**

১. জবশীট এবং স্পেসিটিকেশন শীট সংগ্রহ করুন।
২. প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পিপিই (PPE) সংগ্রহ ও ব্যবহার করুন।
৩. জবশীট এবং স্পেসিটিকেশন শীট পড়ুন।
৪. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিটিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ, মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংগ্রহ করুন।
৫. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিটিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ, মালামাল ও সরঞ্জামের কার্যকারিতা ও পরিমাণ ঠিক আছে কিনা তা যাচাই করুন।
৬. প্রক্রিয়া চলাকালীন প্রয়োজনীয় ব্যক্তিগত স্বাস্থ্যবিধি এবং সুরক্ষা বিষয়টি অনুসরণ করুন।
৭. বৈদ্যুতিক আউটলেট থেকে পাওয়ার কর্ডটি বন্ধ করুন।
৮. মেশিনের সকল সেইফটি গার্ড ধারাবাহিকভাবে পরীক্ষা করুন
৯. কোনটি অকার্যকর থাকলে পরিবর্তন করুন।
১০. নির্ধারিত সময়ের মধ্যে কাজটি সম্পন্ন করার অভ্যাস করুন।
১১. কাজশেষে প্রাপ্ত ফলাফল যাচাই করুন।
১২. কাজশেষে আপনার প্রশিক্ষককে অবহিত করুন।
১৩. আপনার কাজটিকে মূল্যায়নের জন্য আপনার প্রশিক্ষককের নিকট উপস্থাপন করুন।
১৪. ওয়াকপ্লেস স্ট্যান্ডার অনুসারে ব্যবহৃত সমস্ত উপকরণ, মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংগ্রহ করুন।
১৫. কাজের যায়গা পুনরায় ব্যবহার উপযোগী করে রাখুন।



আইগার্ড



নিডেল গার্ড



বেল্ট কভার

**স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ১.২: সেলাই মেশিনের সেইফটি গার্ড পরীক্ষা করুন**

**কাজের শর্তাদি:** কাজটি অবশ্যই নিরাপদ পদ্ধতিতে এবং পেশার স্ট্যান্ডার্ড অনুসারে সম্পাদন করতে হবে।

**প্রয়োজনীয় পিপিই সমূহ:**

ক্রমিক নং	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১.	এ্যাপ্রন	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	০১
২.	সেফটি সু	স্ট্যান্ডার্ড অনুসারে	জোড়া	০১
৩.	মাস্ক	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	০১
৪.	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড অনুসারে	জোড়া	০১
৫.	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	০১
৬.	নিডেল গার্ড/ফিংগার গার্ড	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	০১
৭.	আইরন ম্যাড	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	০১
৮.	ফাষ্ট এইড বক্স	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	০১

**প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস:**

ক্রমিক নং	টুলস এবং ইকুইপমেন্টস	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১.	সেলাই মেশিন	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	০১
২.	টুলস বক্স	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	০১
৩.	স্ক্রু ডাইভার	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	০১

**প্রয়োজনীয় কাচামাল সমূহ:**

ক্রমিক নং	কাচামালের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	ডাস্টার/ব্রাশ	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	১
২	নিডেল	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	১
৩	ফিঞ্জারগার্ড	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	১
৪	আইগার্ড	স্ট্যান্ডার্ড অনুসারে	সংখ্যা	১

**শিখনফল (Learning Outcome) -২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে**

<p><b>অ্যাসেসমেন্ট মানদণ্ড</b> (Assessment Criteria)</p>	<ol style="list-style-type: none"> <li>১ কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্যান্টের অংশগুলি চিহ্নিত করা হয়েছে।</li> <li>২ কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্যান্ট তৈরির প্রক্রিয়াগুলি ব্যাখ্যা করা হয়েছে।</li> <li>৩ এসওপি অনুযায়ী প্যান্টের সেলাইয়ের অপারেশন ব্যাখ্যা করা হয়েছে।</li> <li>৪ এসওপি অনুযায়ী প্যান্টের অংশগুলির এ্যাসেসমেন্ট অপারেশন ব্যাখ্যা করা হয়েছে।</li> <li>৫ স্ট্যান্ডার্ড মিনিট ভ্যালু (SMV) উপর ভিত্তি করে প্রত্যেকের ক্যাপাসিটি বের করা হয়েছে।</li> <li>৬ প্রডাকশন টার্গেট এবং কর্মদক্ষতা ব্যাখ্যা করা হয়েছে।</li> </ol>
<p><b>শর্ত ও রিসোর্স</b> (Conditions)</p>	<ol style="list-style-type: none"> <li>১ প্রকৃত কর্মক্ষেত্র বা সিমুলেটেড কর্মক্ষেত্র</li> <li>২ সিবিএলএম</li> <li>৩ হ্যান্ডআউটস</li> <li>৪ ল্যাপটপ</li> <li>৫ মাল্টিমিডিয়া প্রজেক্টর</li> <li>৬ কাগজ, কলম, পেন্সিল, ইরেজার</li> <li>৭ ইন্টারনেট সুবিধা</li> <li>৮ হোয়াইট বোর্ড ও মার্কার</li> <li>৯ অডিও ভিডিও ভিভাইস</li> <li>১০ প্রয়োজনীয় সরঞ্জাম এবং সরঞ্জাম</li> </ol>
<p><b>বিষয়বস্তু</b> (Contents)</p>	<ol style="list-style-type: none"> <li>১. প্যান্টের অংশগুলি</li> <li>২. প্যান্ট তৈরির প্রক্রিয়া</li> <li>৩. প্যান্টের সেলাই অপারেশন</li> <li>৪. প্যান্টের এ্যাসেসমেন্ট অপারেশন</li> <li>৫. স্ট্যান্ডার্ড মিনিট ভ্যালু (SMV) এর উপর ভিত্তি করে নিজস্ব ক্যাপাসিটি</li> <li>৬. প্রডাকশন টার্গেট এবং দক্ষতা</li> </ol>
<p><b>অ্যাক্টিভিটি/টাস্ক/জব</b></p>	<ol style="list-style-type: none"> <li>১ প্যান্টের অংশগুলি সনাক্ত করুন</li> <li>২ প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করুন</li> </ol>
<p><b>প্রশিক্ষণ পদ্ধতি</b> (Methodologies)</p>	<ol style="list-style-type: none"> <li>১. আলোচনা (Discussion)</li> <li>২. উপস্থাপন (Presentation)</li> <li>৩. প্রদর্শন (Demonstration)</li> <li>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)</li> <li>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</li> <li>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</li> <li>৭. সমস্যা সমাধান (Problem Solving)</li> <li>৮. ব্রেইনস্টর্মিং (Brainstorming)</li> </ol>
<p><b>অ্যাসেসমেন্ট পদ্ধতি</b> (Assessment Methods)</p>	<ol style="list-style-type: none"> <li>১. লিখিত অভীক্ষা (Written Test)</li> <li>২. প্রদর্শন (Demonstration)</li> <li>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)</li> </ol>

## প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমিক নংগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমিক নংগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রমিক নং (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের "প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে" বিষয়ে নির্দেশনা প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ২ : প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেল্ফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন জব শিট ২.১: প্যান্টের অংশগুলি সনাক্ত করুন স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ২.১: প্যান্টের অংশগুলি সনাক্ত করুন জব শিট ২.২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করুন স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ২.২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করুন

## ইনফরমেশন শিট (Information Sheet): ২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

২. ১ প্যান্টের অংশ সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে।
২. ২ প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে।
২. ৩ প্যান্ট এর সেলাই অপারেশন ব্যাখ্যা করতে পারবে।
২. ৪ প্যান্ট এর অংশ একত্রিকরণ (অ্যাসেম্বলিং) ব্যাখ্যা করতে পারবে।
২. ৫ স্ট্যান্ডার্ড মিনিট ভ্যালু (SMV) এর উপর ভিত্তি করে ব্যক্তিগত ক্ষমতা ব্যাখ্যা করতে পারবে।
২. ৬ উৎপাদন লক্ষ্য (প্রডাকশন টার্গেট) এবং দক্ষতা ব্যাখ্যা করতে পারবে।

### ২.১ প্যান্টের অংশগুলি

ছেলে বা মেয়ে উভয়ের জন্য কোমড় থেকে পায়ের গোড়ালি পর্যন্ত পরিধানযোগ্য পোশাককে প্যান্ট বলে। প্যান্ট প্রধানত দু'প্রকারের হয়। ক) হাফ প্যান্ট খ) ফুল প্যান্ট এছাড়া ব্যবহারের ভিত্তিতে বিভিন্ন প্রকারের হতে পারে। যেমন- জিন্স প্যান্ট, রেগুলার প্যান্ট, লেডিসপ্যান্ট এবং টাউজার প্যান্ট।

সাধারণত প্যান্টের নিম্ন লিখিত অংশ গুলো থাকে

- সামনের অংশ (Front part)
- পিছনের অংশ (Back part )
- পিছনের জোয়াল (Back yoke)
- পকেট(Pocket)
- সীম এবং সিঙ্গেল ফ্লাই (Seam and Single fly)
- ডাবল ফ্লাই (Double fly)
- কোমর ব্যান্ড(Waist band)
- বেল্ট লুপ(Belt loops)





প্যান্টের বিভিন্ন অংশ:

একটি প্যান্টের প্রধানত ৩টি অংশ। যেমন- ক)সামনের অংশ বা ফ্রন্ট পর্ট খ) পেছনের অংশ বা ব্যাক পর্ট গ) ওয়েস্ট বেল্ট।

ক **সামনের অংশ বা ফ্রন্ট পর্ট:** একটি প্যান্টের সামনে বামদিকে ও ডান দিকে দুটি অংশ থাকে। বামদিকের অংশকে বাম পর্ট এবং ডানদিকের অংশকে ডান পর্ট বলে। সামনের অংশে সাইড পকেট, জিপার, ফ্লাই পর্ট থাকে।

খ **খ) পেছনের অংশ বা ব্যাক পর্ট :** একটি প্যান্টের পেছনে বামদিকে ও ডান দিকে দুটি অংশ থাকে। পেছনের অংশে ব্যাক পকেট থাকে।

গ **গ) ওয়েস্ট বেল্ট:** ওয়েস্ট বেল্ট হলো প্যান্টের একটি অংশ যা কোমরের চারিদিকে ঘিরে থাকে। এ অংশে প্যান্টের সামনের এবং পেছনের অংশ সংযোজিত থাকে। অনেক সময় এই অংশে ইলাস্টিক ব্যবহার করা হয়। ইলাস্টিক ব্যবহার করলে পোশাক পরতে অনেক সহজ হয়।



## ২.২ প্যান্ট তৈরির প্রক্রিয়া

একটি প্যান্ট তৈরিতে গার্মেন্টস ইন্ডাস্ট্রিতে নিম্ন লিখিত প্রক্রিয়া/অবলম্বন করতে হয়:

- প্রাক-উৎপাদন প্রক্রিয়া পরিকল্পনা
- ক্রেতার স্পেসিফিকেশন অনুযায়ী ফেব্রিক এবং ট্রিমস (trims) নির্বাচন
- ফেব্রিক, trims, এবং আনুষঙ্গিক সংগ্রহ
- ফেব্রিক এবং trims গুণমান পরীক্ষা
- প্যাটার্ন ডেভেলপমেন্ট
- মার্কার পরিকল্পনা, ফেব্রিক বিছানো, এবং কাটা
- কাটা অংশের টিকিট নম্বর এবং বেন্ডেলিং
- প্যান্টের প্রতিটি অংশের সেলাই
- সেলাই করা অংশের এ্যাসেম্বলিং/ জোড়া দেয়া
- সেলাই করা প্যান্টের গুণমান পরীক্ষা করা
- ওয়াশিং /ধৌত করণ
- সমাপ্তি/ফিনিসিং
- ফোল্ডিং/ভাঁজ করণ এবং প্যাকেজিং
- চূড়ান্ত পরিদর্শন এবং গুণমান নিরীক্ষা
- ডেলিভারি

## ২.৩ প্যান্টের সেলাই অপারেশন

প্যান্ট সেলাই করার সহজ ধাপগুলির মধ্যে রয়েছে ফেব্রিক পরিমাপ করা এবং কাটা, সামনের এবং পিছনের অংশগুলি একসাথে সেলাই করা, পকেট এবং একটি কোমরবন্ধ যুক্ত করা, ইনসিম এবং পাশের সিম সেলাই করা, প্যান্টের নীচে হেমিং করা এবং অলঙ্করণ যোগ করা।

**প্যান্টের সামনের পকেট সেলাই**

- প্যান্টের অংশ সংগ্রহ
- প্যান্টের প্রয়োজনীয় অংশে ইন্টারলাইনিং ফিউজ করণ
- পকেট অভার লক
- পকেট ক্রিজিং
- পকেট ব্যাগে পকেট ফেসিং অ্যাটাচ করুন।
- সামনের অংশে পকেট ব্যাগ অ্যাটাচ করুন।
- পকেট ব্যাগ উল্টাতে হবে।
- পকেট বেগে টপস্টিস দিতে হবে।
- পকেট মাউতে টপস্টিস দিতে হবে।
- পকেট ক্লোজড সিম দিতে হবে।
- পকেট টাক সিম

**প্যান্টের পেছনের পকেট সেলাই:**

- পেছনের অংশ ওভারলক করুন।
- পকেট ব্যাগের সাথে ফেসিং সংযুক্ত করুন।
- ব্যাক পার্টের ডার্ট দেওয়া।

- ব্যাক পার্টি পকেট ব্যাগ সংযুক্ত করুন।
- ব্যাক পার্টি আপার পকেট বন্ড সংযুক্ত করুন।
- ব্যাক পার্টি লোয়ার পকেট বন্ড সংযুক্ত করুন।
- পকেট মাউথ কাটা।
- পকেট বন্ড তৈরি করুন।
- পকেট বন্ড উল্টানো।
- পকেট ব্যাগের সাথে পকেট ফেসিং সেলাই করুন।
- পকেট সাইড ট্যাগ দেওয়া।
- পোস্ট পকেট ব্যাগ।

#### সামনের ফ্লাই সংযুক্ত করণ:

- জিপার ফ্লাইএর সাথে জিপার সংযুক্ত করা
- সামনের অংশের সাথে জিপার ফ্লাই সংযুক্ত করা
- সামনের অংশের টপস্টিচ দেয়া।
- সামনের অংশের আপার ফ্লাই সংযুক্ত করা
- ফ্লাইএ টপ স্টিচ দেওয়া।
- সামনের অংশে জিপার সংযুক্ত করা
- জিপার ক্লোল্ড স্টিচ বা J- স্টিচ দেয়া

### জিপার সেলাইয়ের সিকুয়েন্স (sequence) নীচে দেওয়া হল।

পিছনে এবং সামনের অংশের নাম্বার মিলানো



পিছনে এবং সামনে রাইজ জয়েন্ট



ওভারলক মেশিন দ্বারা পকেট অংশের সাথে পকেটের ফেসিং জয়েন্ট



ওভারলক মেশিন দ্বারা পকেট অংশ সেলাই



প্লেইন মেশিন দ্বারা পকেট ট্রেসিং জয়েন্ট



পকেটের ফেসিং এর দিকে পকেটের সাথে টপস্টিচ করুন



পকেট রোলিং করুন



ক্যাটালগ অনুসারে এবং কাঁচি দ্বারা পকেট চিহ্নিতকরণ



পকেট এবং শরীরের অংশের নম্বর ম্যাচিং



পকেটের শেষের দুই প্রান্তে টাক দিন




শরীরের অংশের সাথে পকেট জয়েন্ট



পকেট টপ সিন দিন(জিগ জ্যাগ)



পিছনে এবং সামনের সংখ্যা মিল করন



## ২.৪ প্যান্টের অ্যাসেম্বলিং অপারেশন

### প্যান্ট এর অংশ একত্রিতকরণ (Assembly)

- ওভারলক করণ
- আউট সীম সেলাই করণ

- ফ্রন্ট পকেট পকেট অপেনিং এ ট্যাক সেলাই দেয়া
- ব্যাক রাইজ সেলাই
- ইন সীম সেলাই
- বটম হেমিং
- লুপ প্রস্তুতি
- লুপ এ্যাটাচ
- ওয়েস্ট ব্যান্ড এ্যাটাচ
- ওয়েস্ট ব্যান্ড মাউথ সেলাই
- ওয়েস্ট ব্যান্ড উল্টানো
- ওয়েস্ট ব্যান্ড টপ স্টিচ
- লুপ ট্যাক সেলাই
- বাটন হল সেলাই
- বাটন এ্যাটাচ
- ওয়েস্ট ব্যান্ডে মেইন লেবেল সংযুক্ত
- ইনসিমে টপস্টিচ
- সাইড সীম যোগ করুন (সামনে এবং পিছনের প্যানেলগুলি সংযুক্ত করুন)
- সাইড সীম টপস্টিচ

## ২.৫ স্ট্যান্ডার্ড মিনিট ভ্যালু (SMV) এর উপর ভিত্তি করে নিজস্ব ক্যাপাসিটি

### গার্মেন্টস এর জন্য SMV গণনা

স্ট্যান্ডার্ড মিনিট ভ্যালু (Standard Minute Value) = বেসিক মিনিট + বান্ডেল এ্যালাউন্স +  
মেশিন এ্যালাউন্স + ব্যক্তিগত ক্লাসি এ্যালাউন্স

### স্ট্যান্ডার্ড মিনিট ভ্যালু ব্যবহার করার কারণ

- গার্মেন্টসের খরচ হিসাব করার জন্য SMV করা হয়।
- প্রোডাকশনের সঠিক লক্ষ্য নির্ধারণের জন্য ব্যবহৃত হয়।
- কর্মীদের দক্ষতা হিসাব করা হয়।
- কারখানার কার্যকর উৎপাদন পরিকল্পনা তৈরির সিদ্ধান্ত নেওয়ার জন্য করা হয়।

### গার্মেন্টস শিল্পে SMV গণনার সূত্র:

- পারফরম্যান্স রেটিং = (অবজারভড রেটিং X স্ট্যান্ডার্ড রেটিং) / স্ট্যান্ডার্ড রেটিং  
মোট উৎপাদন X SMV
- টার্গেট প্রোডাকশন = (ওয়াকিং ঘন্টা X ৬০ X ম্যান পাওয়ারের সংখ্যা) / SMV

## ২.৬ প্রডাকশন টার্গেট এবং দক্ষতা

পোশাক শিল্পে উৎপাদন লক্ষ্যমাত্রা

কোনেকটি ইন্ডাস্ট্রিতে সর্বোচ্চ সুযোগ-সুবিধা ব্যবহার করে নির্দিষ্ট সময়ে কী পরিমাণ প্রোডাকশন করা সম্ভব তার লক্ষ্যমাত্রা নির্ধারণ কেই উৎপাদন লক্ষ্যমাত্রা বলে।

পোশাক শিল্পে লক্ষ্য গণনা

অপারেটরের সংখ্যা = টার্গেটের আউটপুট / অপারেটর প্রতি আউটপুট

- সাইট = আউটপুট/ইনপুট।
- টার্গেট /ঘন্টা = (৬০/SMV)Xদক্ষতা%
- টার্গেট /লাইন = [(শ্রমিকের সংখ্যা\*কাজ ঘন্টা\*৬০)/SMV]Xদক্ষতা%
- সময় সূচীর জন্য গণনা দিন = মোটের সংখ্যা/এ্যাভারেজ টার্গেট

প্রতি ঘণ্টায় উৎপাদন লক্ষ্য = (৬০ / অপারেশন SAM)

- এক ঘন্টা ৬০ মিনিটের সমান। প্রতি ঘণ্টায় উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ণয় করতে SAM অপারেশন দ্বারা ৬০ মিনিট ভাগ করুন।
- এই গণনার শেষ ফলাফলই প্রতি ঘণ্টায় কত টুকরো উৎপাদন করা যেতে পারে, যা নির্বাচিত অপারেশনের জন্য প্রতি ঘণ্টায় উৎপাদন লক্ষ্যমাত্রা।
- যখন একটি অপারেশনের SAM ০.৫ মিনিট হয়। প্রতি ঘণ্টায় উৎপাদন লক্ষ্যমাত্রা থাকবে = (৬০/০.৫) = ১২০ টুকরা
- অপারেশন ১.২ মিনিট হলে প্রতি ঘণ্টায় উৎপাদন লক্ষ্য হবে = ৬০/১.২ = ৫০ টুকরা
- প্রতি ঘণ্টায় উৎপাদন লক্ষ্য ১০০ % দক্ষতায় গণনা করা হয় (অপারেশন SAM-এর)। আপনি যদি নির্দিষ্ট শতাংশে প্রতি ঘণ্টায় উৎপাদন লক্ষ্যমাত্রা পরিকল্পনা করতে চান, তাহলে উপরে অপারেটরের দক্ষতা দ্বারা গুণ করুন।

একটি প্রোডাকশন লাইনের প্রতি ঘণ্টায় উৎপাদন লক্ষ্যমাত্রার গণনা

- একটি লাইনের প্রতি ঘণ্টায় উৎপাদন লক্ষ্য = ((৬০ \* একটি লাইনে কাজ করা অপারেটরের সংখ্যা \* লাইন দক্ষতা %) / (গার্মেন্ট SAM))
- যদি একটি লাইনের দৈনিক উৎপাদন লক্ষ্যমাত্রা গণনা করতে চাইলে, শুধুমাত্র শিফট ঘন্টা দ্বারা প্রতি ঘন্টা লাইন লক্ষ্য গুণ করুন। সূত্রটি নিম্নরূপ হবে।
- একটি লাইনের দৈনিক উৎপাদন লক্ষ্য = ((শিফট সময় X ৬০ X একটি লাইনে কাজ করা অপারেটরদের সংখ্যা X লাইন দক্ষতা %) / (গার্মেন্ট SAM))

ব্যাখ্যা:

একটি লাইনে কাজ করা অপারেটরের সংখ্যা: ৩০

দৈনিক শিফট ঘন্টা: ৮ ঘন্টা

গার্মেন্ট এসএএম: ২০ মিনিট

লাইন দক্ষতা: ৮০ %

এই লাইনের উৎপাদন লক্ষ্য (দৈনিক) = (৮ X ৬০ X ৩০ X ৮০%) / ২০

= (৮৮০ X ৩০ X ৮০) / (১০০ X ২০)

= ৫৭৬ ইউনিট



## সেলফ চেক শিট (Self Check)-২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে

অতি সংক্ষিপ্ত প্রশ্ন:

১. প্রশ্ন: প্যান্টের সিংগেল ফ্লাই কোন অংশে ব্যবহৃত হয়?

উত্তর:

২. প্রশ্ন: প্যান্টের প্রধান ৪টি অংশের নাম লিখুন।

উত্তর:

৩. প্রশ্ন: প্যান্টের লোপ সাধারণত কয়টি থাকে?

উত্তর:

৪. প্রশ্ন: প্যান্টের সামনের এবং পেছনের অংশের মধ্যে কোন অংশ বড় হয়?

উত্তর:

৫. প্রশ্ন: প্যান্ট তৈরির শেষের ধাপ কোনটি?

উত্তর:

৬. প্রশ্ন: বন্ড পকেট সাধারণত প্যান্টের কোন অংশে ব্যবহৃত হয়?

উত্তর:

৭. প্রশ্ন: J- স্টিচ প্যান্টের কোন অংশে দিতে হয়?

উত্তর:

৮. প্রশ্ন: প্যান্ট এর অ্যাসেম্বলিং বলতে কী বুঝ?

উত্তর:

৯. প্রশ্ন: প্যান্ট এর অ্যাসেম্বলিং বলতে কী বুঝ?

উত্তর:

১০. প্রশ্ন: SMV এর পূর্ণরূপ কী?

উত্তর:

১১. প্রশ্ন: পোশাক শিল্পে উৎপাদন লক্ষ্যমাত্রা বলতে কী বুঝ?

উত্তর:

## উত্তর পত্র (Answer Key)- ২: প্যান্টে তৈরির প্রক্রিয়া চিহ্নিত করণ

অতিসংক্ষিপ্ত প্রশ্ন উত্তর:

১. প্যান্টের সিংগেল ফ্লাই কোন অংশে ব্যবহৃত হয়?

উত্তর: সামনের অংশে

২. প্রশ্ন: প্যান্টের প্রধান ৪টি অংশের নাম লিখুন।

উত্তর: ফ্রন্ট আপার পার্ট, ফ্রন্ট লোয়ার পার্ট, ব্যাক আপার পার্ট, ব্যাক লোয়ার পার্ট

৩. প্রশ্ন: প্যান্টের লোপ সাধারণত কয়টি থাকে?

উত্তর: ৫ টি থেকে ৭টি

৪. প্রশ্ন: প্যান্টের সামনের এবং পেছনের অংশের মধ্যে কোন অংশ বড় হয়?

উত্তর: পেছনের অংশ বড় হয়।

৫. প্রশ্ন: প্যান্ট তৈরির শেষের ধাপ কোনটি?

উত্তর: ডেলিভারি

৬. প্রশ্ন: বন্ড পকেট সাধারণত প্যান্টের কোন অংশে ব্যবহৃত হয়?

উত্তর: পেছনের অংশে ব্যবহৃত হয়।

৭. প্রশ্ন: J- স্টিচ প্যান্টের কোন অংশে দিতে হয়?

উত্তর: প্যান্টের জিপার ফ্লাই অংশে।

৮. প্রশ্ন: প্যান্ট এর অ্যাসেম্বলিং বলতে কী বুঝ?

উত্তর: কম্পোনেন্ট গুলো একত্র করণ।

৯. প্রশ্ন: প্যান্ট এর অ্যাসেম্বলিং বলতে কী বুঝ?

উত্তর: কম্পোনেন্ট গুলো একত্র করণ।

১০. প্রশ্ন: SMV এর পূর্ণরূপ কী?

উত্তর: Standard Minute Value

১১. প্রশ্ন: পোশাক শিল্পে উৎপাদন লক্ষ্যমাত্রা বলতে কী বুঝ?




উত্তর: কোনেএকটি ইন্ডাস্ট্রিতে সর্বোচ্চ সুযোগ-সুবিধা ব্যবহার করে নির্দিষ্ট সময়ে কী পরিমান প্রোডাকশন করা সম্ভব তার লক্ষ্যমাত্রা নির্ধারণ কেই উৎপাদন লক্ষ্যমাত্রা বলে।

## জব শিট (Job Sheet)- ২.১ প্যাণ্টের অংশগুলি সনাক্ত করুন

### কাজের ধাপসমূহ

১. প্রথম কলামের ছবিযুক্ত অংশ ভালো ভাবে পর্যবেক্ষণ করুন।
২. ফেব্রিকের এর ট্রুটিসমূহ এবং তার প্রতিকার মনোযোগ দিয়ে পড়ুন
৩. ছবি ও বৈশিষ্ট্য এর পাশে প্রদত্ত খালি গার্মেন্টস এর ট্রুটিসমূহ এর নাম লিখুন
৪. প্রয়োজনীয় সকল উপকরণ সংগ্রহ করুন।
৫. কাজ শেষে সকল যন্ত্রপাতি, কেমিক্যাল, উপকরণ সমূহ পরিষ্কার করে নির্ধারিত স্থানে রেখে দিন।
৬. কর্মস্থল পরিষ্কার পরিছন্ন করে কাজ শেষ করুন।

### জব / কাজ চিত্র

ক্রমিক নং	পর্যবেক্ষণের বিষয়	কম্পোনেন্টের নাম
		
		
		
		
		

## স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ২.১: প্যান্টের অংশগুলি সনাক্ত করুন

### প্রয়োজনীয় পিপিই

ক্রমিক নং	পিপিই নাম	পরিমাণ
১.	এ্যাপ্রোন	১টি
২.	মাস্ক	১টি
৩.	স্কার্ফ	১ টি
৪.	চশমা	১ টি

### প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতি

ক্রমিক নং	প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতির নাম	পরিমাণ
১.	প্যান্টের কম্পোনেন্ট	চার্ট মোতাবেক
২.	কলম	১টি
৩.	পেন্সিল	১টি
৪.	ইরেজার	১ টি
৫.	খাতা	১টি

## জব শিট (Job Sheet) - ২.২: প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করুন

উদ্দেশ্য: কাজটি সঠিকভাবে সম্পন্ন করলে প্যান্ট তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করার দক্ষতা অর্জন করতে সক্ষম হবেন।

### সতর্কতা:

১. প্রয়োজনীয় পিপিই (PPE) ব্যবহার করে ওইচএস (OHS) প্রতিপালন পূর্বকসাবধানতার সাথে যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।

### কাজের ধারাবাহিকতা:

১. জবশীট এবং স্পেসিটিকেশন শীট সংগ্রহ করুন।
২. প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পিপিই (PPE) সংগ্রহ ও ব্যবহার করুন।
৩. জবশীট এবং স্পেসিটিকেশন শীট পড়ুন।
৪. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিটিকেশন অনুযায়ী মেশিন, সমস্ত উপকরণ ও সুরক্ষা যন্ত্রপাতি সংগ্রহ করুন।
৫. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিটিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ, মালামাল ও সরঞ্জামের কাযকারীতা ও পরিমাণ ঠিক আছে কিনা তা যাচাই করুন।
৬. প্রক্রিয়া চলাকালীন প্রয়োজনীয় ব্যক্তিগত স্বাস্থ্যবিধি এবং সুরক্ষা বিষয়টি অনুসরণ করুন।
৭. প্যান্টের প্যাটার্ন ড্রাফট করে প্যাটার্ন তৈরি করুন।
৮. প্যাটার্নের মাধ্যমে প্যান্টের সকল অংশের কাপড় কাটুন।
